# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৩৬

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪১. সকাল বেলায় বরকত হওয়ার আশা করা।

بَاب مَا يُرْجَى مِنْ الْبَرَكَةِ فِي الْبُكُورِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ عُمَارَةَ بْنِ حَدِيدٍ، عَنْ صَخْرٍ الْغَامِدِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " اللَّهُمَّ بَارِكْ لأُمَّتِي فِي بُكُورِهَا " . قَالَ وَكَانَ إِذَا بَعَثَ سَرِيَّةً أَوْ جَيْشًا بَعَثَهُمْ فِي أَوَّلِ النَّهَارِ . قَالَ وَكَانَ صَخْرٌ رَجُلاً تَاجِرًا فَكَانَ يَبْعَثُ تِجَارَتَهُ فِي أَوَّلِ النَّهَارِ فَأَثْرَى وَكَثُرَ مَالُهُ .

বাংলা

১/২২৩৬। সাখর আল-গামিদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ”হে আল্লাহ! আমার উম্মাতের জন্য তাদের ভোরবেলাকে বরকতময় করুন।” তিনি ক্ষুদ্র বা বৃহৎ সামরিক বাহিনী অভিযানে পাঠাতে চাইলে দিনের প্রথম ভাগেই তাদেরকে পাঠাতেন। রাবী (উমারা ইবনে হাদীদ) বলেন, সাখর (রাঃ) ছিলেন একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক পণ্য দিনের প্রথম ভাগেই পাঠাতেন। ফলে তিনি সম্পদশালী হন এবং তার সম্পদে প্রাচুর্য আসে।

## English

It was narrated from Sakhr Al-Ghamidi that the Messenger of Allah (ﷺ) said: "O Allah, bless my nation in their early mornings (i.e., what they do early in the morning)." (Hasan)He said: "When he sent out a raiding party or an army, he would send them at the beginning of the day." He said: (1) "Sakhr was a man engaged in trade, and he used to send his goods out at the beginning of the day, and his wealth grew and increased."

ফুটনোট

তিরমিযী ১২১২, আবূ দাউদ ২৬০৬, আহমাদ ১৫০১৭, ১৫১৩০, ১৮৯৩৭, ১৮৯৮৫, রাওদুন নাদীর ৪৯০, সহীহ

আবু দাউদ ২৩৪৫, যইফাহ ৪১৭৮।

তাহকীক আলবানীঃ “হে আল্লাহ! আমার উম্মাতের জন্য তাদের ভোরবেলাকে বরকতময় করুন।” বাক্যটি সহিহ। তবে ...قَالَ وَكَانَ إِذَا بَعَثَ কথাগুলো দুর্বল। উক্ত হাদিসের রাবী উমারাহ বিন হাদীদ সম্পর্কে আবু হাতিম আর-রাযী, আবু আলী ইবনুস সাকান ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু যুরআহ আর-রাযী বলেন, তার সম্পর্কে কিছু জানা যায় না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪১৭৯, ২১/২৩৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ স্বাখর ইবনে অদা‘আহ আল-গামেদী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42851

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন